

03033

**Foundation Course : BENGALI**

**Term-End Examination**

**June, 2012**

**Course Code : FBG**

*Time : 2 hours*

*Maximum Marks : 50*

**Note :** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন

1. গোপালচন্দ্র ভট্টাচার্যের 'পিঁপড়ের লড়াই' প্রবন্ধ অবলম্বনে 10  
নালসো পিঁপড়ের বাসা নির্মাণ প্রণালী সংক্ষেপে বর্ণনা  
করুন।

**অথবা**

'এই ভারতের মহামানবের সাগরতীরে' -

আপনার পঠিত কবিতাটি অবলম্বনে উদ্ধৃত অংশটির তাৎপর্য  
বিশ্লেষণ করুন।

2. (a) 'হাড় ওরা পেয়েছে কেবল মস্তটাই পাওয়া বাকী' - 5  
তাৎপর্য ব্যাখ্যা করুন।  
(b) ঘটুল কাকে বলে ? ঘটুল সম্বন্ধে যা জানেন লিখুন। 5

3. ভারতীয় আর্থভাষাকে কাল অনুযায়ী কয়ভাগে বিভক্ত করা যায় ? উদাহরণ সহ আলোচনা করুন। 10

অথবা

বাংলা মঙ্গলকাব্যগুলির বিষয়ে যা জানেন লিখুন। এই ধরনের নামকরণের কারণ কি ? সংক্ষেপে আলোচনা করুন। 5+5

4. সংক্ষিপ্ত টীকা লিখুন - যে কোন দুটি

(a) মোরাঙ, মুরিয়া, শবর, ফোর্ট - উইলিয়াম কলেজ। 5

(b) নীচের উদ্ধৃতিগুলি ঠিক না ভুল লিখুন - 5

(i) বাংলাভাষার উদ্ভব আনুমানিক দশম শতাব্দীতে।

(ii) বাংলা, অসমীয়া ও ওড়িয়া পশ্চিমমাগধী অপভ্রংশ থেকে উদ্ভূত।

(iii) চর্যাপদ নেপাল দরবার থেকে আবিষ্কার করেছেন মহামোহপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী।

(iv) আধুনিক কালে সাধুভাষার প্রচলন সবচেয়ে বেশী।

(v) রবীন্দ্রনাথ ঠাকুর প্রধানত কথ্যভাষায় লিখেছেন।

5. (a) সন্ধি বিচ্ছেদ করুন - 5

অপেক্ষাতীত, দেবেন্দ্রালয়, শুভেচ্ছান্তে, প্রশ্নোত্তর,  
অনুসন্ধান।

(b) একসঙ্গে প্রকাশ করুন - 5

যা দেখা যায় না, হত্যা করার ইচ্ছা, যা অবশ্যই হবে,  
যা চেটে খেতে হয়, যা দিনে দিনে বাড়ে।

---